# গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২)৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

স্মারক নং-গাকৃবি/প্রশা:/এন-২৩/২০২৬/৩০৩০ তারিখ: ০৮/০৩/২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

**সূত্র: ১)** শিক্ষা মন্ত্রণালয়ের ০৮/০৩/২০২৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-৬২; এবং
**২)** ইউজিসি'র ০৮/০৩/২০২৬ তারিখের ৩৭.০১.০০০০.০০০.১৫১.৯৯.০০০১.১৯.১৩২ সংখ্যক পত্র।

এতদ্দ্বারা বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করা প্রয়োজন। সে লক্ষ্যে সূত্রোক্ত স্মারকদ্বয়ে বর্ণিত নির্দেশনা এবং অদ্য ০৮/০৩/২০২৬ তারিখে অনুষ্ঠিত গাকৃবি সিন্ডিকেট এর ১১৮তম জরুরী সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় শিক্ষা মন্ত্রণালয়ের জারীকৃত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে আগামী ০৯ মার্চ ২০২৬ তারিখ থেকে পবিত্র ঈদুল ফিতরের জন্য একাডেমিক ক্যালেন্ডারে উল্লেখিত তারিখ অর্থাৎ ২৮/০৩/২০২৬ পর্যন্ত এ বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে। তবে, বিশ্ববিদ্যালয়ের জরুরী পরিসেবাসমূহ (**ভিসি দপ্তর, ট্রেজারার দপ্তর, প্রক্টর দপ্তর, রেজিস্ট্রার দপ্তর, অর্থ ও হিসাব, যানবাহন, মেডিক্যাল ও প্রকৌশল**) স্ব-স্ব অফিস কর্তৃক সীমিত পরিসরে খোলা থাকবে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে ১ নং সূত্রে বর্ণিত পত্রের সকল নির্দেশনা **(কপি সংযুক্ত)** যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এতদ্বিষয়ে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

**সংযুক্তি: বর্ণনামতে।**

০৮.০৩.২০২৬
(মো. আবদুল্লাহ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

স্মারক নং-গাকৃবি/প্রশা:/এন-২৩/২০২৬/৩০৩০ তারিখ: ০৮/০৩/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রো-ভাইস-চ্যান্সেলর, গাকৃবি।
২. সকল ডীন, গাকৃবি (ছাত্র-ছাত্রীদের বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
৩. সকল বিভাগীয় প্রধান, গাকৃবি (বিষয়টি অধীনস্তদের অবহিতকরণের অনুরোধসহ)।
৪. সকল পরিচালক ও গ্রন্থাগার প্রধান, গাকৃবি।
৫. পরিচালক, যানবাহন শাখা, গাকৃবি (সকল রুটে প্রয়োজন অনুযায়ী সীমিত পরিসরে যানবাহন চালু রাখার অনুরোধসহ)।
৫. প্রক্টর, গাকৃবি।
৬. সকল হল প্রভোস্ট, গাকৃবি।
৭. সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, গাকৃবি।
৮. সকল অনুষদ/বিভাগ/শাখা/দপ্তরের জ্যেষ্ঠ কর্মকর্তা, গাকৃবি (বিষয়টি অধীনস্তদের অবহিতকরণের অনুরোধসহ)।
৯. পিএস টু ভিসি, ভিসি দপ্তর, গাকৃবি।
১০. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গাকৃবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, গাকৃবি।
১২. AHE, রেজিস্ট্রার দপ্তর, গাকৃবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাস্টার কপি)।
১৩. অফিস নথি/সকল নোটিশ বোর্ড (হলসমূহসহ)।

০৮.০৩.২০২৬
(আবু হানিফ পালোয়ান)
সহকারী রেজিস্ট্রার (আইন ও এস্টেট)

হামিদ I:\বিবিধ অফিস আদেশ\বিজ্ঞপ্তি.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-**৬২**

তারিখ: ০৮ মার্চ ২০২৬ / ২৩ ফাল্গুন ১৪৩২

**বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫-১২৩; তারিখ: ০৫ মার্চ ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করা প্রয়োজন। এজন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিত করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা বাস্তবায়ন এবং পবিত্র রমজান উপলক্ষ্যে আগামী ০৯ মার্চ ২০২৬ তারিখ থেকে পবিত্র ঈদুল ফিতরের জন্য বিশ্ববিদ্যালয়সমূহের একাডেমিক ক্যালেন্ডারে উল্লেখিত তারিখ পর্যন্ত সকল পাবলিক বিশ্ববিদ্যালয় ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ বন্ধ থাকবে মর্মে সকল বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে। একইসাথে বিশ্ববিদ্যালয়সমূহে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

**(ক)** দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে।

**(খ)** বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে।

**(গ)** অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে।

**(ঘ)** এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে।

**(ঙ)** অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে।

**(চ)** অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে।

**(ছ)** বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।

**(জ)** অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে।

**(ঝ)** যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।

**(ঞ)** গাড়ির ব্যবহার সীমিত করতে হবে।

**(চ)** জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।

০৮.০৩.২০২৬
মোঃ সুলতান আহ্‌মেদ
সহকারী সচিব
ফোন: ৫৫১০০৩৩৭
nongovt.university1@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০২। চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-**৬২**

তারিখ: ০৮ মার্চ ২০২৬ / ২৩ ফাল্গুন ১৪৩২

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়;
০৪। অফিস কপি/গার্ড ফাইল।

০৮.০৩.২০২৬

মোঃ সুলতান আহ্‌মেদ
সহকারী সচিব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
এইচআরএম শাখা
----

**স্মারক নম্বর:** ৩৭.০১.০০০০.০০০.০৩১.৯৯.০০০৪.২১.৭৮

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-৬২, তারিখ : ০৮ মার্চ ২০২৬ খ্রি: ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্রানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত পত্র।

০৮-০৩-২০২৬
ড. মোঃ ফখরুল ইসলাম
সচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপাচার্য, পাবলিক বিশ্ববিদ্যালয় (সকল) এবং
২। উপাচার্য, বেসরকারি বিশ্ববিদ্যালয় (সকল)।

**স্মারক নম্বর:** ৩৭.০১.০০০০.০০০.০৩১.৯৯.০০০৪.২১.৭৮/১ (৫)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
২। পরিচালক, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৪। পিএস (অতিরিক্ত পরিচালক), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
৫। ব্যক্তিগত কর্মকর্তা (পিও), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

০৮-০৩-২০২৬
কাজী মো: ইসমাইল হোসেন
সহকারী সচিব